রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

## প্রজ্ঞাপন

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, অনিবাসীর অনুকূলে উদ্ভূত ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ হইতে বিদেশে প্রেরণকালে উৎসে কর কর্তন হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কর অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি :**

(ক) উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(খ) ঋণের সুদের অগ্রিম পরিশোধের ক্ষেত্রে এই কর অব্যাহতি প্রযোজ্য হইবে না; এবং


**মূল্য :** টাকা ৪.০০

(গ) ঋণ গ্রহীতাকে উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) মোতাবেক আবেদনের সহিত নিম্নবর্ণিত ছকে প্রত্যয়নসহকারে জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে :

**ছক**

| ক্রমিক নং | যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুদ পরিশোধ করা হইতেছে তাহার নাম ও টিআইএন নম্বর | যাহার নিকট সুদ বাবদ অর্থ প্রেরণ করা হইতেছে তাহার নাম, নিবন্ধন নম্বর/নিগমন নম্বর, যেই দেশে নিবন্ধিত বা নিগমিত উহার নাম | যে বাবদ ঋণের অর্থ ব্যবহার করা হইয়াছে | প্রেরিত অর্থের পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| | | | | আসল | সুদ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |

**প্রতিপাদন এবং স্বাক্ষর**

আমি ....................... শপথপূর্বক ঘোষণা করিতেছি যে, আবেদনপত্রের সহিত সংযুক্ত তথ্য ও দলিলাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সম্পূর্ণ।

প্রধান কর্মকর্তার স্বাক্ষর

তারিখ :

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd